

# ছাত্রলীগের বিচারের পর জকসু নির্বাচন চায় ছাত্রদল



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২৫ আগস্ট ২০২৫ | ২২:৩৭



ছাত্রলীগের বিচার নিশ্চিত করার পর জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচন চায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। এদিকে ৪৫ কার্যদিবসের মধ্যে এই নির্বাচনের দাবি জানিয়েছে ছাত্রশিবির।

সোমবার বিশ্ববিদ্যালয়ের ভাষা শহিদ রফিক ভবনের নিচে মানববন্ধন এবং শহিদ মিনারের সামনে ছাত্রশিবিরের সংবাদ সম্মেলনে এসব দাবি জানান নেতারা।

বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব শামসুল আরেফিন বলেন, আমরা জকসু চাই কিন্তু এই ক্যাম্পাসে কোনো গণহত্যাকারী থাকতে পারবে না, কোনো ফ্যাসিস্টের বিচরণ থাকতে পারবে না। একইসঙ্গে ছাত্রদলের বেঁধে দেওয়া সময়ের মধ্যে সম্পূরক বৃত্তির সুনির্দিষ্ট ও সুস্পষ্ট নির্দেশনা দিতে হবে। দ্রুত সময়ে ফ্যাসিস্টদের বিচার করে তারপর জকসু নির্বাচনের আয়োজন করতে হবে।

এ সময় উপাচার্যকে হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, আমরাও অবরুদ্ধ করতে পারি। আমরা ভিতরে রেখে নয়, বাইরে রেখে তালা দিব। সচিবালয়, ইউজিসিতে যদি কোনো ফাইল লাগে, তবেই তালা খোলা হবে। তার আগে নয়।

এদিকে জকসুর নীতিমালা অনুমোদন ও সুনির্দিষ্ট রোডম্যাপ (পথনকশা) ঘোষণা এবং সম্পূরক বৃত্তি দেওয়ার পাঁচ দফা দাবিতে সংবাদ সম্মেলন করে বিশ্ববিদ্যালয় ছাত্রশিবির।

সংগঠনের সাধারণ সম্পাদক আব্দুল আলিম আরিফ বলেন, আপনারা অবগত আছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকেই অবহেলার শিকার হয়ে আসছে। আমরা আর বঞ্চনার শিকার হতে চাই না।

এর আগে রোববার আন্দোলনরত শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনে ‘নো ওয়ার্ক’ কর্মসূচির অংশ হিসেবে তালা ঝুলিয়ে দেন। এ সময় উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্রকল্যাণ পরিচালক, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েন। পরে রাত ১১ টায় তালা খোলা হলে প্রশাসনিক কর্মকর্তারা রাত ১২ টার দিকে প্রশাসনিক ভবন ছাড়েন।